



বনিক বার্তা

বনিক বার্তা, ০৮-১২-২০২৪, পৃষ্ঠা- অনলাইন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে বায়োটেক ফেস্ট অনুষ্ঠিত



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং ও বায়োটেকনোলজি বিভাগের আয়োজনে সম্প্রতি দিনব্যাপী 'বায়োটেক ফেস্ট ২০২৪' অনুষ্ঠিত হয়েছে।

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং ও বায়োটেকনোলজি বিভাগের আয়োজনে সম্প্রতি দিনব্যাপী 'বায়োটেক ফেস্ট ২০২৪' অনুষ্ঠিত হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। প্রধান অতিথি ছিলেন মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আনোয়ারুল আজিম আখন্দ। এ আয়োজনের অংশ হিসেবে বায়োটেক অলিম্পিয়াড ও বিভিন্ন উদ্ভাবনী আইডিয়ার পোস্টার প্রদর্শন করা হয়। সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান। এ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং ও বায়োটেকনোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ও চেয়ারপারসন ড. সুরাইয়া নাসরিন। —বিজ্ঞপ্তি